

আইআইইউসি'র অনুষ্ঠানে ড. মাসুদুল আলম চৌধুরী
সমাজ গঠনে নৈতিকভাবে সর্বজনের
কল্যাণ-চিন্তা বিবেচনায় রাখা উচিত

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিক্ষাবিদ প্রফেসর ড. মাসুদুল আলম চৌধুরী বলেছেন, সমাজ গঠনে নৈতিকভাবে সর্বজনের কল্যাণ-চিন্তা বিবেচনায় রাখা উচিত। পরিবার সমাজ রাষ্ট্রে সর্বক্ষেত্রেই সমন্বয়হীনতা একটা বড় সমস্যা। সমন্বয় যে কোন ক্ষেত্রে অগ্রগতিকে নিশ্চিত করে।

গতকাল সন্ধ্যায় আইআইইউসি'র সম্মেলন কক্ষে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)-এর গবেষণা ও প্রকাশনা কেন্দ্র (সিআরপি) আয়োজিত এক প্রফেসারিয়াল লেকচার প্রদানকালে প্রধান অতিথির বক্তৃতায় প্রফেসর ড. মাসুদুল আলম চৌধুরী এ কথা বলেন। গবেষণা ও প্রকাশনা কেন্দ্রের পরিচালক ড. আকতারুজ্জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক আয়োজনে মালয়েশিয়ার ইউনিভার্সিটি অব মালয় এর প্রফেসর ড. মাসুদুল আলম চৌধুরী “দ্যা ওয়েলবিং ক্রাইটেরিয়ান” শীর্ষক এই প্রফেসারিয়াল লেকচার উপস্থাপন করেন। উল্লেখ্য প্রফেসর ড. মাসুদুল আলম চৌধুরী কানাডার কেপ ব্রটন, ওমানের সুলতান কারুস এবং সৌদি আরবের কিং ফাহাদ ইউনিভার্সিটির সাবেক প্রফেসর। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ শাহাদাৎ হোসাইন এবং আইআইইউসি'র ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারেচার বিভাগের প্রফেসর মোহাম্মদ হুমায়ুন কবির।



ছবিঃ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন প্রফেসর ড. মাসুদুল আলম চৌধুরী

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মাসুদুল আলম চৌধুরী বলেন, মানবকেন্দ্রিক উন্নয়ন ও অধ্যয়নের মধ্যেই কল্যাণ-চিন্তা নিহিত থাকে। কল্যাণ একান্তভাবেই কোন ব্যষ্টিক বা সামষ্টিক অর্থনীতির ধারণা নয়। প্রফেসারিয়াল লেকচার প্রদানকালে প্রফেসর ড. মাসুদুল আলম চৌধুরী বলেন, অর্থনৈতিক সমস্যা বিশ্বের একটা বড় ইস্যু। অর্থনীতিবিদরা বড় সমস্যা নিয়ে ভাবেন না, তারা বহুমাত্রিক দৃষ্টিতে সমস্যাকে দেখেন। তিনি বলেন, এই আয়োজন হয়তো সমস্যার চূড়ান্ত সমাধান দিতে পারবেনা কিন্তু চিন্তার খোরাক যোগাবে।